

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১৩.১১.০০৪.১৭-

তারিখ: ০৭ পৌষ, ১৪২৬
২২ ডিসেম্বর, ২০১৯

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ হতে প্রাপ্ত সন্তোষজনক পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এবং মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত উপযুক্ততা প্রত্যয়নের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে তাদের নামের পাশে বর্ণিত পদে হাইড্রোকার্বন ইউনিটে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে ও এ প্রজ্ঞাপনের ২ নং অনুচ্ছেদে বর্ণিত শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

ক্রঃ নং	রেজিঃ নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	পদের নাম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১।	০০০১০৪	তুষার কান্তি রায় পিতা: অজিৎ কুমার রায়	সহকারী পরিচালক (অনুসন্ধান)	গ্রাম: মিরুখালী, ডাকঘর: মিরুখালী, উপজেলা: মঠবাড়িয়া, জেলা: পিরোজপুর।	কুয়েত বিল্ডিং, ক-২০৪/২৪, খাঁ- পাড়া, খিলক্ষেত, ঢাকা।
২।	০০০১৩১	এম. আলাউদ্দিন আল আজাদ পিতা: এম আবুল কালাম আজাদ	সহকারী পরিচালক (অপারেশন)	গ্রাম: মুন্সিবাড়ি, উচ্চাঙ্গা, ডাকঘর: বাকিলা, উপজেলা: হাজীগঞ্জ, জেলা: চাঁদপুর।	৫৩৭/৭/সি, বি, জে টাওয়ার, ইসিবি চত্বর, ডিওএইচএস রোড, মাটিকাটা ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
৩।	০০০০৬৬	মো: নাজমুল হক পিতা: মো: মোফাজ্জল হক	সহকারী পরিচালক (পেরিকল্পনা)	গ্রাম: ধুমি হায়াতপুর, ডাকঘর: রামচন্দ্রপুর হাট, উপজেলা: চাঁপাই নবাবগঞ্জ সদর, জেলা: চাঁপাই নবাবগঞ্জ।	গ্রাম: ধুমি হায়াতপুর, ডাকঘর: রামচন্দ্রপুর হাট, উপজেলা: চাঁপাই নবাবগঞ্জ সদর, জেলা: চাঁপাই নবাবগঞ্জ।

২। এ নিয়োগের শর্তাবলি নিম্নরূপ:

- তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে দায়িত্ব পালন করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল রাখা অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- কোন শিক্ষানবিসকে কোন পদে স্থায়ী করা হবে না, যে পর্যন্ত তিনি সরকারি আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় পাস করেন ও প্রশিক্ষণ সাফল্যের সহিত সম্পন্ন করেন;
- শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাকে সংশ্লিষ্ট পদে স্থায়ী করা যেতে পারে;
- তঁার ইত্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে তঁার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তঁার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- নিয়োগকৃত প্রার্থীদের জ্যেষ্ঠতা সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে ও চাকরির অন্যান্য শর্তাবলির ক্ষেত্রে হাইড্রোকার্বন ইউনিটের বিদ্যমান (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা প্রযোজ্য হবে;
- যদি তিনি প্রার্থীগণ কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(চলমান পাতা-২)

- ছ. কর্তৃপক্ষের নির্দেশে নিয়োগকৃত প্রার্থীগণ বাংলাদেশের যে কোন অঞ্চলে চাকরি করতে বাধ্য থাকবেন;
- জ. এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে নিয়োগকৃত প্রার্থীর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- ঝ. The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্বাবর-অস্বাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীগণকে চাকরিতে যোগদানের সময় হাইড্রোকার্বন ইউনিটে জমা দিতে হবে;
- ঞ. এ চাকরিতে যোগদানের জন্য প্রার্থীগণ কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না;

৩। উপরে বর্ণিত শর্তাবলি তাঁর নিকট গ্রহণযোগ্য বলে বিবেচিত হলে আগামী ০৮/০১/২০২০ তারিখ পূর্বাহ্নে মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ এর নিকট যোগদানপত্র দাখিল করবেন। নির্ধারিত সময়ে চাকরিতে যোগদান না করলে তারা চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মো: আবু জুবাইর হোসেন বাবলু)

যুগ্মসচিব

ফোন নং: ৯৫৫১১৪৩

তারিখ: ৭ পৌষ, ১৪২৬
২২ ডিসেম্বর, ২০১৯

নং-২৮.০০.০০০০.০১৩.১১.০০৪.১৭- ৪০৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (বিতরণ জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
- ৬। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
- ৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ সরকারি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ৮। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, এজিবি (সি) ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। জনাব

(মো: আবু জুবাইর হোসেন বাবলু)

যুগ্মসচিব